Key words:
Planning
Unable
Need
Future

Islamic Religious Council of Singapore

Friday Sermon

31 May 2024 / 22 Zulkaedah 1445H

ভবিষ্যতের জন্য আত্ম-কল্যাণ পরিকল্পনা

الحَمْدُ لِلهِ عَلَى إِحْسَانِهِ، وَالشُّكْرُ لَهُ عَلَى تَوْفِيقِهِ وَامْتِنَانِهِ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ تَعْظِيمًا لِشَأْنِهِ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبدُهُ وَرَسُولُهُ الدَّاعِي إِلَى رِضْوَانِهِ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّم عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ وَ إِخْوَانِهِ. أَمَّا بَعدُ، فَيَا أَيُّهَا الـمُسْلِمُونَ، أُوصِيكُم وَنَفْسِي بِتَقوَى اللهِ عَزَّ وَجَلَّ، فَقَد فَازَ الـمُتَّقُونَ.

জুম্মার নামাজে আগত সম্মানিত সুধী,

আসুন, আমরা আমাদের তাকওয়া বৃদ্ধির চেষ্টা অব্যাহত রাখি। কেবল তাকওয়ার মাধ্যমেই আমরা মহান আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার সকল নির্দেশ পালন করতে আনুপ্রণিত হবো ও সকল নিষেধ থেকে আমাদেরকে দূরে রাখতে পারব।

গত সপ্তাহের খুতবাতে আমরা সন্তানের প্রতি আমাদের ভালবাসার গুরুত্বের কথা আলোচনা করেছি, আমাদের নিজেদের এবং পালিত সন্তানদের প্রতি। আজকে আমরা আমাদের নিজেদের ভবিষ্যতের কল্যাণের জন্য পরিকল্পনা প্রণয়নের কথা আলোচনা করব। তার আগে আসুন, আমরা প্রার্থনা করি, মহান আল্লাহ সুবহানাহু তা’আলা যেন আমাদের জীবন তাঁর রহমত ও প্রজ্ঞা দ্বারা প্রলম্বিত করেন।

সম্মানিত ভাইয়েরা, আসুন আমরা একটু চিন্তা করে দেখি। আজকে , আমরা সবাই এখনও মসজিদে এসে জুম্মা নামাজ পড়ার মত সমর্থ আছি। তবে, আজকের মত আগামীকাল, তের পরের দিন, তার পরের সপ্তাহে আমরা আর কি এইভাবে মসজিদে এসে নামাজ পড়তে পারব? এই মসজিদ থেকে বের হওয়ার পর মহান আল্লাহ সুবহানাহু তা'আলা কি আমাদেরকে সুস্বাস্থ্যে এবং জীবিত অবস্থায় রাখার রহমত দিবেন?

আসলে, বয়স আমাদেরকে একসময় পাকড়াও করে ফেলে। এই সুন্দর ও মজবুত স্বাস্থ্য বয়সের সাথে সাথে একদিন দুর্বল হয়ে যাবে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, পৃথিবীর প্রতিটি মুহূর্তের সদ্ব্যবহার আমরা যেন ঠিকমত করি নইলে, কেয়ামতের দিনে মহান আল্লাহ সুবহানাহু তা'আলা আমাদের জিজ্ঞাসা করবেন পৃথিবীতে আমাদের যৌবনকালে আমরা কিভাবে সময় কাটিয়েছি।

নবী করিম (সঃ) একটি হাদীসে উল্লেখ করেছেন, " বিচার দিবসে প্রতিটি মানুষের একপা এগোনোর আগে তাকে প্রশ্ন করা হবে, " পৃথিবীতে সে তার জীবন কিভাবে যাপন করেছে, যে জ্ঞান সে অর্জন করেছে, কিভাবে তাকে ব্যবহার করেছে, যে সম্পদ সে বানিয়েছে, তার অর্থ সে কিভাবে আয় করেছে এবং কোন পথে তা ব্যয় করেছে, যে শরীর তাকে দেয়া হয়েছে, তার ব্যবহার সে কিভাবে করেছে। " (ইমাম আত তিরিমিযী কর্তৃক বর্ণিত হাদীস)

সম্মানিত ভাইয়েরা,

উপরে বর্ণিত হাদীসের আলোকে আমরা বুঝতে পারি যে আমাদের জীবনে আমাদের শরীর কতটা গুরত্বপূর্ণ বিশেষ করে যখন আমরা আর আমাদের নিজদেরকে চালাতে পারব না বা আমরা নিজেরা আর নিজেদেরকে নিয়ে কোন সিদ্ধান্ত নিতে সমর্থ থাকব না, তখন।

এই বিষয়ের ওপর কিছু বলার আগে আমাদের প্রয়োজন, পরিবারের কোন এক সদস্য বা ট্রাসটীকে লিখিত ও আইনানুগভাবে নিয়োজিত করা। এই প্রাথমিক পরিকল্পনার সাথে সাথে এই দায়িত্বপ্রাপ্তজন আমাদের সকল ইচ্ছা ও চাওয়া পাওয়াগুলিকে অর্জনের জন্য কি করা প্রয়োজন তার একটি নক্সা প্রণয়ন করবেন বিশেষ করে আমরা যখন আমাদের নিজেদের ব্যাপারে সিদ্ধান্ত নিতে আর সক্ষম থাকব না। এই পরিস্থিতির

উদ্ভব হতে পারে যখন আমাদের বয়স বেড়ে যাবে এবং শরীর এবং অন্যান্য নানাবিধ শারীরিক কারণে আমাদের স্মৃতিশক্তি আস্তে আস্তে ক্ষয় হয়ে বা কমে আসবে।

তাই আসুন, আমরা আগে থাকতেই এগুলো বিষয়ে কিছু পরিকল্পনা করে রাখি। আকস্মিক কোন অপ্রত্যাশিত সমস্যা দেখা দিলে তার ব্যবস্থা কিভাবে নেওয়া হবে এ বিষয়ে কিছু পরিকল্পনা করে রাখা, যে বিষয়ে সুরা হাশরের ১৮ নম্বর আয়াতে মহান আল্লহ সুবহানাহু তা'আলা বলে রেখেছেন,

يَـٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ ٱتَّقُواْ ٱللَّهَ وَلۡتَنظُرۡ نَفۡسٞ مَّا قَدَّمَتۡ لِغَدٖۖ وَٱتَّقُواْ ٱللَّهَۚ إِنَّ ٱللَّهَ خَبِيرُۢ بِمَا تَعۡمَلُونَ ١٨

হে ঈমানদারগণ! তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন কর এবং প্রত্যেকের উচিত চিন্তা করে দেখা আগামী কালের জন্য সে কী অগ্রিম পাঠিয়েছে। আর তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন কর; তোমরা যা কর নিশ্চয় আল্লাহ সে সম্পর্কে সবিশেষ অবহিত।

প্রিয় সমবেত সুধী,

এই উপলক্ষে আমাকে আমাদের পথনির্দেশনা হিসাবে কয়েকটি বিষয় উল্লেখ করার অনুমতি দিন।

প্রথমত: আমরা যেন শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকাকালীন সময়েই লাস্টিং পাওয়ার অফ অ্যাটর্নির মাধ্যমে বিশ্বস্ত কোন ব্যক্তিকে দানগ্রাহক হিসাবে মনোনীত করি। তাহলে সেই মনোনীত ব্যক্তি প্রয়োজনের সময় আমাদের অর্থনৈতিক ব্যবস্থাপনা এবং দৈনন্দিন জীবনের কাজকর্ম সেইভাবে করতে পারবেন যেভাবে আমরা তা চাই। তদুপরি, ভবিষ্যতে আমাদের স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনগুলির জন্য আমরা অ্যাডভান্স কেয়ার প্ল্যান বিবেচনা করতে পারি।

দ্বিতীয়ত : আসুন সন্তান হিসেবে আমরা আমাদের পিতামাতাকে সাহায্য করি তাদের কল্যানের জন্য প্রয়োজনীয় সকল পরিকল্পনা সম্পন্ন করতে। তাঁদেরকে এমন মানুষের সাথে যোগাযোগ করিয়ে দিই যারা

তাঁদের লাস্টিং পাওয়ার অফ অ্যাটর্নি ও অ্যাডভান্স কেয়ার প্ল্যানিং এ সাহায্য করতে পারবেন। এই রকম সক্রিয় ব্যবস্থা গ্রহণ আমাদের পিতামাতার কল্যাণ নিশ্চিত করার জন্য ও ভবিষ্যতে কোন অসুবিধা এড়ানোর জন্য অতীব প্রয়োজনীয়।

জুম্মায় আগত মুমিনগণ,

ইসলাম ভবিষ্যতের যে কোন চ্যালেঞ্জ আসার আগেই তা মোকাবেলা করতে প্রস্তুতি নেয়ার উপর অনেক গুরুত্ব আরোপ করে। স্মরণ করুন যাক নবী (স:) এর সেই কথা যা তিনি এক সাহাবীকে বলেছিলেন, যার অর্থ: "তোমার উটের যত্ন নাও এবং আল্লাহর উপর ভরসা কর।" (ইমাম তিরমিযি বর্ণিত হাদীস)

আমরা যখন ভাল ও সুচিন্তিত কোন পরিকল্পনা করি, তখন বস্তুত: আমরা আমাদের এবং আমাদের প্রিয়জনদের কল্যাণ নিশ্চিত করার জন্য চেষ্টা করি। আশা করি, আল্লাহ সুবহানাহু ওয়াতাআ'লা আমাদেরকে জ্ঞান ও পথনির্দেশনা দিবেন যা দিয়ে আমরা ভবিষ্যতের জন্য কার্যকরী পরিকল্পনা করতে পারব, তা ইহকালের জন্য হোক বা পরকালের জন্য। আল্লাহুম্মা আমিন, ইয়া মুজিবাস সালিহিন

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم

SECOND SERMON

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا اَلْمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلَسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. اَللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُم فَرَحًا، وَهَمَّهُمْ

فَرَجًا، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ اكْتُبِ السِّلْمَ وَالسَّلاَمَ وَالْأَمْنَ وَالْأَمَانَ لِلْعَالَمِ أَجْمَعِ يَا لَطِيْف. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.